ঠাকুরপুরে রাস্তা সংস্কার কাজের পরিদর্শনে এমপি টগর

দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর গ্রামের হাজারো মানুষের স্বপ্নের রাস্তা নির্মাণ কাজের পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা -২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

সোমবার বিকালে দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি ইউনিয়নের ঠাকুরপুর গ্রামের হাজারো মানুষের দীর্ঘদিনের স্বপ্নের রাস্তা নির্মাণ প্রতিশ্রুতিবন্ধ হওয়ার রাস্তাটির সংস্কার কাজ পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা -২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

পরিদর্শন কালে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, ইউনিয়ন আওয়ামী সাধারণ সম্পাদক সরোয়ার হোসেন সহ স্থানীয় নেতৃবৃন্দ।

রাস্তাটি সংস্কারের জন্য চুয়াডাঙ্গা -২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এর প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তার দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেছেন সর্বস্তরের জনসাধারণ।

গাংনীতে বাড়ির উঠনে গরু যাওয়ায় প্রতিবন্ধীকে কুপিয়ে জখম

হাত ফঁসকে গরু বাড়ির উঠানে চলে যাওয়ায় আব্দুল আলীম (৪৫) নামের এক প্রতিবন্ধীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে মারাত্বক জখম করেছে প্রতিপক্ষ পিতা ও পুত্র। আহত আব্দুল আলীম জালশুকা গ্রামের ভোলা হোসেনের ছেলে।

আহত আব্দুল আলীম বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। তার মাথায় ১২ টি সেলাই দেওয়া হয়েছে।

সোমবার দিবাগত রাত ৯ টার দিকে গাংনী উপজেলার জালশুকা গ্রামের উত্তরপাড়া এলাকায় হামলার ঘটনা ঘটে।

আহত আব্দুল আলীমের স্ত্রী মমতাজ খাতুন জানান, আমার দুই টা গরু আছে। আমি গরু দুইটা গোয়ল ঘরে বাধার সময় একটি গরু হাত ফঁসকে প্রতিবেশী রমজান আলীর বাড়ির উঠানে চলে যায়।

এঘটনায় রমজান আলী ও তার ছেলে ওসমান হোসেন আমার বাড়িতে এসে আমার স্বামীকে ধারাল অস্ত্র দিয়ে মাথায় আঘাঁত করে রক্তাক্ত করে ফেলে রেখে চলে যায়। মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে এসেছি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বোধা দাশ গুপ্ত পিকলু (বিডি দাশ) জানান, আব্দুল আলীমের মাথায় মারাত্বক ক্ষত হওয়ায় ১২ টি সেলাই দেওয়া হয়েছে।

বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে সে। মমতাজ খাতুন জানান এ ঘটনায় মামলা দায়ের করা হবে।

মেহেরপুরে চলছে তীব্র দাবদাহ। দীর্ঘ ৮ বছরের মধ্যে সর্ব্বোচ্ছ তাপমাত্রা

ভ্যাপসা গরম ও তাঁতানো রোদে দমবন্ধ অবস্থা এখন মেহেরপুরের জনজীবন ও প্রকৃতিতে। সূর্যের প্রচন্ড তাপ ও গরমে শুধু জনজীবন নয় বিপর্যস্থ প্রাণীকুলও। মাঠের কর্মজীবি মানুষ কাজ ফেলে পানি আর ছায়ার জন্য হাসফাঁস করছে।

ঘরে বাইরে কোথাও স্বস্তি নেই সকলের মাঝেই ত্রাহি অবস্থা। হিটস্ট্রোকের বিষয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন চিকিৎসকরা।

বৃষ্টি না হওয়া পর্যন্ত আগামী ৩ থেকে ৪ দিন একই অবস্থা থাকবে বলে জানিয়েছে চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়া

অধিদপ্তরের মতে বিগত ৮ বছরে এটাই সর্ব্বোচ্ছ তাপমাত্র মেহেরপুর জেলায়।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাদুল ইসলাম জানান, মেহেরপুর জেলায় গত তিন দিন ধরে ম্যাক্সিমাম তাপমাত্র ৩৯-৪১ ডিগ্রী সেলসিয়াসের তাপমাত্র রেকর্ড করা হয়। মেহেরপুর জেলায় সোমবার বেলা ৩ টার সময় তাপমাত্র ছিল ৪১.০০ ডিগ্রি সেলসিয়াস।

সকাল ১২ টার সময় তাপমাত্র ছিল ৩৭ ডিগ্রী সেলসিয়াস। বেলা বাড়ার সাথে সাথে তাপমাত্রাও বেড়েছে। তিনি বলেছেন দিনের এবং রাতের তাপমাত্র কিছুটা বাড়তে পারে। বৃষ্টিপাত না হওয়া পর্যন্ত এই তাপমাত্র অব্যাহত থাকবে বলে জানিয়েছেন তিনি।

আবহাওয়া অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্ত সামাদুল ইসলাম আরো জানান, ২০১৪ সালের ২১ মে মেহেরপুর ও চুয়াডাঙ্গা অঞ্চলের তাপমাত্রা হয়েছিল ৪২.২ ডিগ্রী সেলসিয়াস।

তারপর থেকে এই তাপমাত্রা দেখা দেয়নি। দীর্ঘ ৮ বছর পর এই প্রথম মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার তাপমাত্রা ৪১ ডিগ্রী সেলসিয়াসে দাড়ালো।

গত শনিবার রবি ও সোমবার দিনভর সূর্য যেন অগ্নি বৃষ্টি ঢেলেছে। ফলে ভীষণ গরমে এখানকার জনজীবনে নাভিশ্বাস উঠেছে। হাঁসফাঁস দশা প্রাণীকূলেরও।

যারা বোরো ধান ঝাড়া ও রোদে শুকানোর কাজ করছেন গরমে যেন প্রাণ যাওয়ার উপক্রম হয়েছে তাদের। শ্রমজীবী মানুষজনও দমবন্ধ করা গরমে পড়েন অপরিসীম কষ্টের মধ্যে। জানা যায়, চৈত্র শুরুর পর থেকে মেহেরপুরে গরমের এমন দাপট চলছে।

আবহাওয়া অফিস সূত্র বলছে, দিনের তাপমাত্রা ৩৮ থেকে ৪০ ডিগ্রি সেলসিয়াসের ভেতর থাকলে তাকে মাঝারি দাবদাহ হিসেবে ধরা হয়। ৩৬ থেকে ৩৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রাকে বলে মৃদু দাবদাহ।

আর ৪০ থেকে ৪২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রাকে তীব্র দাবদাহ হিসেবে ধরা হয়। আর রোজার মধ্যে মেহেরপুরে তাপমাত্রার পারদ ৪১ ডিগ্রি অতিক্রম করেছে।

সোমবার সকাল থেকেই জেলায় গরমের আবহ ছিল। খুব সকালের দিকেও ভালো

রকমের গরম অনুভূত হয়। এরপর বেলা বাড়ার সঙ্গে সঙ্গে সূর্যের তেজ বাড়তে থাকে। দিনভর দাপট দেখাতে থাকে জ্যৈষ্ঠের তেজি সূর্য।

দুপুরের দিকে তাপের দহন সহ্যের সীমা ছাড়িয়ে যায়। ফলে দুপুরের দিকে শহরে মানুষজনের চলাফেরা বেশ খানিকটা কমে আসে। এদিকে, বিকালের দিকে সূর্যের আগুন ঢালা কমে এলেও গরম অব্যাহত ছিল।

এদিকে, গরমের দাপট চরমে ওঠায় মৌসুমি ফলের দোকানগুলো মানুষের ভিড় জমে। গরম থেকে বাঁচতে রাস্তার পাশে দাঁড়িয়ে কচি ডাবের পানি পান করতে দেখা যায় পথ চলতি মানুষকে। এছাড়া তরমুজ ফলও বেশ বিক্রি হচ্ছে। শহরের রাস্তার পাশের শরবতের দোকানগুলোতেও ছিল ক্রেতাদের ভিড়।

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়র কনসালটেন্ট এনেসথেসিয়া ও ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন ডাক্তার মশিউর রহমান মোল্ল্যা বলেছেন, প্রচন্ড গরমে আদর্তা ২৬ হওয়ার কারণে মানুষের শরীর থেকে জলীয় বাস্প পরিবেশে চলে যাবে।

যার কারণে মানুষের শরীরের পানি শুন্যতা ও রক্তে লবণের পরিমান বাড়বে। ফলে মানুষের পানি শুন্যতা দেখা দেবে। হিট স্ট্রোক ও মৃত্যু থেকে রেহায় পেতে এই সময়ে মানুষকে ঠান্ডা স্থানে থাকার পরামর্শ দেন তিনি।

এই সময়ে অতিরিক্ত পানি, স্যালাইনের পানি ও ডাবের পানি পান করার পরামর্শ দেন। এগুলো পান না করলে স্ট্রোকের পূর্বাবস্থা হিট স্ট্রেচ হওয়ার সম্ভাবনা থাকবে।

দামুড়হুদায় জাতীয় পুষ্টি সপ্তাহের শুভ উদ্বোধন

‘সঠিক পুষ্টিতে, সুস্থ জীবন’ এ শ্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় পুষ্টি সপ্তাহের উদ্বোধন ও কিশোর কিশোরীদের মাঝে পুষ্টি গুরুত্ব বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের আয়োজনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বাস্তবায়নে জাতীয় পুষ্টি সপ্তাহ-২০২২ এর উদ্বোধন ও কিশোর কিশোরীদের মাঝে পুষ্টি গুরুত্ব বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা পরিষদের সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার এর সভাপতিত্বে ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর পঃপঃ কর্মকর্তা ডাঃ আবু হেনা মোহাম্মদ জামাল শুভ’র সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুষ্টি বিষয়ক গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন,প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, মাধ্যমিক একাডেমির সুপারভাইজার রাফিজুল ইসলাম,মহিলা বিষয়ক কর্মকর্তা হুসনে জাহান ববি, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন,শিক্ষক-শিক্ষিকা কিশোর কিশোরী ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীরা।

দামুড়হুদায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে জমিসহ ঘর বরাদ্দ উপলক্ষ্যে প্রেস ব্রিফিং

দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে জমি ও গৃহপ্রদান বিষয়ে সাংবাদিকদের মাঝে প্রেস ব্রিফিং করেন।

সোমবার সকল দশটা সময় মজিববর্ষ উপলক্ষে সারাদেশে একযোগে প্রধানমন্ত্রী কর্তৃক ঈদ উপহার হিসাবে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহপ্রদান করা হবে,এ কার্যক্রমের শুভ উদ্বোধন সংক্রান্ত নানা বিষয়ে প্রেস ব্রিফিং-এর আয়োজন করেন দামুড়হুদা উপজেলা

প্রশাসন।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তাছলিমা আক্তার লিখিত আকারে পড়ে শোনান এবং প্রকল্প বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের খোলামেলা উত্তর দেন। তিনি বলেন, আগামীকাল সকাল সাড়ে ন’টার সময় উপজেলার মুক্তমঞ্চে শুভ উদ্বোধন অনুষ্ঠানের শুরু হবে।

পরে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে প্রধানমন্ত্রীর উদ্বোধনী অনুষ্ঠান সম্প্রচার করাহবে। ৩য় পর্যায় ৬১ টি ঘর গৃহহীনদের মাঝে প্রদান করা হবে,তবে উদ্বোধনী দিনে ৮ জনকে জমি ও ঘর বুঝিয়ে দেওয়া হবে।

প্রেস ব্রিফিং অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার এর সভাপতিত্বে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মিজানুর রহমান।

এছাড়াও প্রেস ব্রিফিং অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলার ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ প্রমুখ।

ঝিনাইদহে প্রতিবন্ধী ভাতা বৃদ্ধিসহ চাকুরী ও স্বকর্মসংস্থান নিশ্চিতের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহে প্রতিবন্ধী ব্যাক্তিদের ভাতা ২ হাজার টাকাসহ সরকারি-বেসরকারি চাকুরী ও কর্মসংস্থান নিশ্চিতের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে প্রতিবন্ধী ব্যক্তি ও স্থানীয় সামাজিক সংগঠন সমূহের ব্যানারে এ কর্মসূচীর আয়োজন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে বিভিন্ন সংগঠনের সদস্যসহ নানা

শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন একতা উন্নয়ন সংগঠনের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী সুমন পারভেজ, সোহান শেখ, রাশিদুল ইসলামসহ অন্যান্যরা।

কর্মসূচী থেকে আসন্ন বাজেটে প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতা বৃদ্ধি, সরকারি-বেসরকারি সকল সেবার তথ্য ভান্ডারে প্রতিবন্ধীতা বিভাজিত তথ্য, প্রতিবন্ধী ব্যক্তি উন্নয়ন অধিদপ্তর বাস্তবায়নসহ ৬ দফা দাবী জানান।

জাতীয় পুষ্টি সপ্তাহ উপলক্ষে কোটচাঁদপুরে পেশাজীবিদের সঙ্গে আলোচনা সভা

“সঠিক পুষ্টিতে সুস্থ জীবন” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় পুষ্টি সপ্তাহ পালিত হচ্ছে। এ উপলক্ষে উপজেলার বিভিন্ন শ্রেণী-পেশার মানুষের সঙ্গে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১ টার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে জনাস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের আয়োজনে ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাস্তবায়নে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, উপজেলা সমাজ সেবা অফিসার জহুরুল ইসলাম, সাবেক উপজেলা কমান্ডার মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম, ডাঃ মিঠুন কুমার দে, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন প্রমূখ।

বক্তারা পুষ্টি,অনুপুষ্টি, খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্য সম্মত খাবার বিষয়ে আলোকপাত করেন। এসময় বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক, স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা-কর্মচারিসহ বিভিন্ন শ্রেণী- পেশার মানুষ উপস্থিত ছিলেন।

এবারও হচ্ছে না আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন

সীমানা সংক্রান্ত জটিলতায় প্রায় ১১ বছর ধরে আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। সীমানা জটিলতা নিরসন করে ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আগামী ১৫ জুন আবারো মেহেরপুর পৌরসভায় নির্বাচন অনুষ্ঠানের তপশিল ঘোষনা হয়েছে। কিন্তু এবারো হচ্ছে না ইউনিয়ন পরিষদ নির্বাচন।

প্রায় ১২ বছর ধরে চেয়ারম্যানের দায়িত্বে আছেন আনারুল ইসলাম। সর্বশেষ ২০১৭ সালে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষনার পরও নির্বাচন অনুষ্ঠিত হয়নি। আসন্ন স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে সব জায়গাতেই এক প্রকার নির্বাচনি আমেজ তৈরি হলেও আমদহ ইউনিয়ন নির্বাচন নিয়ে এখনো অনিশ্চিয়তা কাটছে না।

জানা গেছে, গত ২০১১ সালের ৯ জুন আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন হয়। একই বছরের ২৮ জুলাই ওই নির্বাচনে বিজয়ী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী ২০১৬ সালের ২৭ জুলাই এ পরিষদের মেয়াদ শেষ হয়। ওই সময় দেশের অন্য পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নির্বাচন হলেও সীমানা জটিলতা দেখিয়ে মেহেরপুর পৌরসভা ও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা স্থগিত রাখে নির্বাচন কমিশন। পরে সময়ে বিভিন্ন রাজনৈতিক দলের আন্দোলনের মুখে ২০১৭ সালের ২৫ ও ২৩ এপ্রিল আমদহ ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। ২৫ এপ্রিল মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন তখন স্থগিত করা হয়।

আমদহ গ্রামের মহসিন আলী বলেন, দীর্ঘদিন ধরে একই চেয়ারে থাকায় ওই চেয়ারম্যান-মেম্বাররা সাধারণ মানুষকে তেমন মূল্য দিচ্ছেন না।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের উপ-দফতর সম্পাদক গোলাম কিবরিয়া বুলু বলেন, ‘সীমানাসংক্রান্ত জটিলতার দোহাই দিয়ে নির্বাচন স্থগিত থাকলেও এটি তেমন জটিল কিছু নয়। এটা নিরসন হয়ে পৌর নির্বাচন হয়েছে। সীমানা জটিলতা আর নেই। আমাদের দলের নেতাকর্মীরা চান নির্বাচন হোক। দল মনোনয়ন দিলে আমারও চেয়ারম্যান পদে নির্বাচন করার ইচ্ছা আছে।

জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আবদুল্লাহ আল আমিন

বলেন, ‘গত তফসিলে আমি চেয়ারম্যান পদে মনোনয়নপত্র জমা দিয়েছিলাম। একটি পক্ষের কূটকৌশলে নির্বাচনটি স্থগিত রয়েছে। শিগগিরই নির্বাচনের দাবি জানাচ্ছি।

জনগনের ভোটাধিকার হরণ করেছে সে। জনপ্রতিনিধি জনগণের ভোটে নির্বাচিত হবে এটা স্বাভাবিক। কিন্তু বিনা ভোটে দশ বছর ধরে ক্ষমতা দখল করাটা যৌক্তিক না। আমি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হিসেবে আমদহ ইউনিয়নের নির্বাচন দাবি জানাচ্ছি।

মেহেরপুর পৌরসভাসহ আরো ৪ ইউনিয়নে নির্বাচন ১৫ জুন

মেহেরপুর পৌরসভা আরো চারটি ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ১৫ জুন। আজ নির্বাচন কমিশনের সভা শেষে এ সিদ্ধান্তের কথা জানা গেছে।

সদর উপজেলার আমঝুপি, নবগঠিত শ্যামপুর, পিরোজপুর এবং নবগঠিত বারাদি ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হবে। সবগুলোতেই ইভিএম পদ্ধতির মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে দীর্ঘ দিন ধরে নির্বাচন না হওয়া আমদহ ইউনিয়নে এবারো হচ্ছে না নির্বাচন।

এক তফশিলে হবে কুমিল্লা সিটি করপোরেশন, মেহেরপুর পৌরসভাসহ ৬টি পৌরসভা ও ১৩৫ টি ইউনিয়ন পরিষদে ভোট। মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ১৭ মে, বাছাই ১৯ মে, আপিল দায়ের ২০, ২১ ও ২২ মে। আপিল নিষ্পত্তি ২৩, ২৪ ও ২৫ মে। এ ছাড়া প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ২৫ মে, প্রতীক বরাদ্দ ২৭ মে এবং ভোট গ্রহণ ১৫ জুন।

একসঙ্গে ৬টি পৌরসভা, একটি উপজেলা ও ১৩৫টি ইউনিয়নে একই দিনে ভোট হবে। সবগুলো ভোট ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) হবে। যে সকল পৌরসভায় নির্বাচন অনুষ্ঠিত হবে সেগুলো হলো, মেহেরপুর পৌরসভা, ঝিনাইদহ পৌরসভা, মকসুদপুর পৌরসভা, গোপালগঞ্জ পৌরসভা, সিলেটের

বিয়ানীবাজার পৌরসভা এবং রাঙামাটির বাঘাইছড়ি পৌরসভা।

গাংনীতে কোমল পানি ভেবে চৌকিদারের বিষপান

কোমল পানি ভেবে বিষপান করে আজিত রায় (৫৫) নামের এক গ্রাম পুলিশ (চৌকিদার) এখন হাসপাতালে।
অজিত রায়
গাংনী উপজেলার রাইপুর গ্রামের কার্তিক রায়ের ছেলে ও রাইপুর ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ডের গ্রাম পুলিশ (চৌকিদার)।
আজ সোমবার (২৫ এপ্রিল) সকাল ৯ টার সময় কোমল পানির বোতলে রাখা বিষ কোমল পানি ভেবে পান করেন। পরে অসুস্থ হয়ে পড়লে পরিবারের লোকজন উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।
অজিত রায় জানান, আমার নাতি ছেলে জমির ফসলে দেয়ার জন্য তরল বিষ এনে ঘরে রেখেছিল। প্রচন্ড গরমে একটু স্বস্তি পেতে কোমল পানি ভেবে সামান্য পরিমাণ পান করে ফেলি।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. এমকে রেজা জানান, বর্তমানে অজিত সুস্থ্য রয়েছেন।